দৈনিক বাংলা

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 03 OCT 1995 কলাম ... ...

৭৪

# ঢাকা ভার্সিটির অনার্স ও মাস্টার্স পরীক্ষা শিডিউলে কিছু পরিবর্তন হচ্ছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষার সময়সূচীর পুনর্বিন্যাস করা হচ্ছে। অনার্স ও মাস্টার্স পরীক্ষার্থীরা এই দাবী করেছিলেন। সংশ্লিষ্ট সূত্র জানান, ৪ ও ৫ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডীন ও বিভাগীয় চেয়ারম্যানদের দুটি পৃথক সভায় এই পুনর্বিন্যাস করা হবে।

এদিকে সোমবার মাস্টার্স ও অনার্স পরীক্ষার্থীদের দাবীর বিষয়টি নিয়ে বিশ্ববিদ্যালয়ের হল প্রভোস্টদের একসভা অনুষ্ঠিত হয়। সভায় পরীক্ষার তারিখ পরিবর্তনের আন্দোলনে সব পরীক্ষার্থীর সমর্থন আছে কিনা তা যাচাই করার জন্য ভিসি হল প্রভোস্টদের প্রতিটি হলের পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের মতামত জানতে বলেছেন।

গতকাল রাতে কয়েকটি হলের ছাত্রছাত্রীরা তাদের সমর্থনসূচক মতামত দিয়েছেন। আজ মঙ্গলবার অন্য হলগুলির পরীক্ষার্থীদের মতামত জানা হবে বলে সূত্র জানিয়েছেন। এ প্রসঙ্গে স্যার এ এফ রহমান হলে যোগাযোগ করা হলে জানাগেছে ঐ হলের সকল পরীক্ষার্থী সময়সূচীর পুনর্বিন্যাসের দাবী সমর্থন করেছেন। এ প্রসঙ্গে একজন হল প্রভোস্ট

(১১–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ঢাকা ভার্সিটির**

গতকাল রাতে দৈনিক বাংলাকে জানান, পরীক্ষার মূল সময়সূচীর পরিবর্তন করা হবেনা। শুধু পরীক্ষার মাঝে ছাত্রছাত্রীদের সুবিধার কথা ভেবে কিছুদিন বিরতি দেয়া হবে। তিনি জানান, তাঁরা (পরীক্ষার্থী ছাত্রছাত্রী) প্রতিটি পরীক্ষার আগে কমপক্ষে ১৫ দিন বিরতির দাবী করেছে। এটা মনে হয় সম্ভব হবে না। তবে ৬/৭দিন বিরতি দেয়া হতে পারে।

উল্লেখ্য, অনেক বিভাগে কোর্স বেশী থাকলেও শিক্ষকগণ সঠিক সময়ে কোর্স শেষ করাননি এই অভিযোগ করে পরীক্ষার সময়সূচীর পুনর্বিন্যাস ও তিন বিরোধীদলের হরতালের সময় অনুষ্ঠেয় পরীক্ষার তারিখ পরিবর্তন করার দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাস্টার্স পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা গত এক সপ্তাহ যাবৎ আন্দোলন অব্যাহত রেখেছেন।

জানা গেছে, যেসব বিষয়ে পরীক্ষার দিন হরতাল পড়েছে, সেসব বিষয়ের পরীক্ষা সবার শেষে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্তটি আনুষ্ঠানিকভাবে দ্রুত ঘোষণা না করায় পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা দারুণ অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন।